



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৫৭.৫১.০০২.২০-২৪৬

তারিখ: ১৯-১০-২০২০ খ্রি:


বিষয়: গোপালগঞ্জ এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেডের তৃতীয় শাখা কারখানা স্থাপন প্রকল্পের “সিভিল কনস্ট্রাকশন ও প্লাস্টিং ওয়ার্কস” এর অন্তর্গত ভেরিয়েশন কাজের চূড়ান্ত প্রাক্কলন অনুযায়ী সংশোধিত ক্রয় প্রস্তাব অনুমোদন

সূত্র: (১) স্মারক নং-ইডিসিএল/পিডি-গোপালগঞ্জ/ ভেরিয়েশন/সিভিল/স্বাপকম/২০২০/২৭১, তারিখঃ ১০/০৯/২০২০ খ্রিঃ
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৬১২.০৭(০৫).০০৪.২০.৬১, তারিখঃ ২৪/০২/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও ১নং সূত্রের পত্রে প্রকল্প পরিচালক, ইডিসিএল (তৃতীয় প্রকল্প), গোপালগঞ্জ কর্তৃক উক্ত প্রকল্পের “সিভিল কনস্ট্রাকশন ও প্লাস্টিং ওয়ার্কস” এর অন্তর্গত ভেরিয়েশন কাজের চূড়ান্ত প্রাক্কলন অনুযায়ী সংশোধিত চুক্তি মূল্য মোট ৯৮,৮৬,৭৩,৪৪৬.৫৮ (আটানব্বই কোটি ছিয়াশি লক্ষ ত্রিয়ার্শত হাজার চারশত ছেচল্লিশ দশমিক পাঁচ আট) টাকার ক্রয় প্রস্তাব অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। ইতঃপূর্বে একই ভেরিয়েশন কাজের ক্রয় প্রস্তাবে ২নং সূত্রের পত্রে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদন গ্রহণ করা হয়। একই বিষয়ে পরপর দু’বার ভেরিয়েশন অর্ডারের প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদনের জন্য প্রেরণ সমীচীন নয়।

বর্ণিতাবস্থায়, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক ভেরিয়েশন কাজের অনুমোদন অনুযায়ী উক্ত প্রকল্পের “সিভিল কনস্ট্রাকশন ও প্লাস্টিং ওয়ার্কস” এর অন্তর্গত কাজসমূহ সম্পাদনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রস্তাবটি এতদসঙ্গে ফেরৎ প্রদান করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

প্রকল্প পরিচালক
ইডিসিএল (তৃতীয় প্রকল্প), গোপালগঞ্জ
ও
ব্যবস্থাপনা পরিচালক
ইডিসিএল, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)